

এনজিও

এনজিও এক ধরনের অ-লাভজনক বেসরকারি সংস্থা। এ ধরনের সংস্থা অলাভজনক সংস্থা হিসাবে পরিচিত হলেও প্রতিবছর কোটি কোটি টাকা বাজেট বরাদ্দ হয়ে থাকে। আর এ ধরনের বাজেট গুলো সরকারের অধীন কিংবা বেসরকারী তহবিল বা ফান্ড থেকে সংগ্রহ করে থাকে। আর এ ফান্ড থেকে সংস্থাগুলো সমাজে কল্যাণমূলক কাজ করে থাকে। কাজগুলোর মধ্যে সামাজিক নিরাপত্তা, নারীর ক্ষমতায়ন, শিশুদের শিক্ষা, যুব সমাজের উন্নয়ন, প্রতিবন্ধীদের উন্নতি করা ইত্যাদি বিষয় নিয়ে কাজ করে থাকেন। তারই ধারাবাহিকতায় গজঘন্টা ইউনিয়নে ইসলামিক রিলিফ, এনডিপি, দি হাজার প্রজেক্ট বাংলাদেশ, নূতন জীবন কমিউনিটি সোসাইটি, আরডিআরএস, এসডিও, সীড, ওয়ার্ল্ড ভিশন, পদক্ষেপ, ইএসডিও, ব্র্যাক, আশা, গ্রামীণ ব্যাংক ইত্যাদি এনজিও প্রতিষ্ঠানগুলো গজঘন্টা ইউনিয়নের অসহায় মানুষদের জীবনমান উন্নয়নে সরকারের পাশাপাশি কাজ করে যাচ্ছেন।

